# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৮৭

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, উরানী গোত্রের লোকদেরকে উটের পেশাব পান করার অনুমতি দেওয়া হয়েছিল চিকিৎসার জন্য; এজন্য নয় যে, উটের পেশাব পবিত্র- তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أن الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا أَبَاحَ لَهُمْ شُرْبَ أَبْوَالِ الْإِبِلِ لِلتَّدَاوِي لَا أَنَّهَا غير نجسة

---

আরবী

1387 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ: أَخْبَرَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ سَمِعْتُ عَلْقَمَةَ بْنَ وَائِلٍ يُحَدِّثُ عَنْ أَبِيهِ وَائِلِ بْنِ حُجْرٍ: أَنَّ سُوَيْدَ بْنَ طَارِقٍ سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الخَمْرِ وَقَالَ: إِنَّا نَصْنَعُهَا فَنَهَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ذَلِكَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا دَوَاءٌ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّهَا لَيْسَتْ بِدَوَاءٍ ولكنها داء)

الراوي : طَارِق بْن سُوَيْدٍ الْحَضْرَمِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1387 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

১৩৮৭. তারিক বিন সুআইদ হাযরামী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মদ সম্পর্কে জিজ্ঞেস করেন এবং বলেন, “আমরা মদ প্রস্তুত করি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে এমন করতে নিষেধ করেন। তিনি আবার প্রশ্ন করে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এটা তো চিকিৎসা হিসেবে ব্যবহার করা হয়! “জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই এটি রোগের প্রতিষেধক নয়; বরং এটি নিজেই রোগ!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩১১; ইবনু মাজাহ: ৩৫০০; আত তাবারানী: ৮২১২; আত তায়ালিসী: ১/৩৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (গায়াতুল মারাম: ৬৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ তারিক বিন সুআইদ হাযরামী (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন